



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর-৮০.০০.০০০০.১১৩.৩৬.০০৬.২৩-১৭৪

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : ৪০ তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের নম্বরপত্র প্রদান।

৪০ তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর বিজ্ঞাপনের ৪০ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে সংযুক্ত নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০২. লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদেরকে এ বিজ্ঞপ্তিতে প্রদত্ত কমিশনের নির্ধারিত নমুনা আবেদনপত্র ছক পূরণ করে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা (১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে ট্রেজারি চালানের মূলকপিসহ পূরণকৃত আবেদনপত্র কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পরিচালক, ইউনিট-১৩, এর দপ্তরে জমা দিতে হবে।

০৩. আগামী ২৬.১১.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ হতে ১২.১২.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট পর্যন্ত পরিচালক (ইউনিট-১৩), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র জমা নেয়া হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

০৪. উল্লেখ্য, বিজ্ঞপ্তি এবং নমুনা আবেদনপত্র কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd] হতে ডাউনলোড করা যাবে।

[আনন্দ কুমার বিশ্বাস]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
যুগ্ম সচিব

৪০ তম বি.সি.এস. পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির আবেদনপত্র

বরাবর

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

বিষয় : ৪০ তম বিসিএস পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রদান।

৪০ তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করা হলো;

১. আবেদনকারীর নাম :
[ইংরেজি ক্যাপিটাল লেটার-এ]
২. রেজিস্ট্রেশন নম্বর :
[ইংরেজিতে]
৩. জন্ম তারিখ :
[ইংরেজিতে]
৪. নিজ জেলা :
[ইংরেজিতে]
৫. ট্রেজারি চালান ইস্যুকারী :
সোনালী ব্যাংক লিমিটেড এর
শাখার নাম
৬. ট্রেজারি চালান নম্বর ও তারিখ :
৭. পত্র যোগাযোগের ঠিকানা (স্থায়ী/বর্তমান) :
[যে ঠিকানায় নম্বরপত্র পেতে ইচ্ছুক]
৮. মোবাইল নম্বর :
৯. E mail নম্বর :

বিনীত

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

